দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 5 1999 ... ...
পৃষ্ঠা: 2 কলাম ৬ ......

53

# বুয়েটে ভর্তি পরীক্ষা হবে মার্চের দ্বিতীয় সপ্তাহে

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের '৯৮-৯৯ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষা আগামী মার্চ মাসে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষাসহ অন্যান্য বিভাগের ভর্তি পরীক্ষা গতবারের পদ্ধতিতেই অনুষ্ঠিত হবে। গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

একাডেমিক কাউন্সিল সভার সূত্র মতে, '৯৮-৯৯ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার জন্য পুরকৌশল বিভাগের ডিন প্রফেসর এ এস এম শফিউল্লাহকে চেয়ারম্যান করে ২১ সদস্যবিশিষ্ট ভর্তি পরীক্ষা কমিটি করা হয়েছে। কমিটিতে পাঁচটি অনুষদের পাঁচ-জন ডিন এবং ১৬টি বিভাগের বিভাগীয় প্রধানগণ রয়েছেন।

গতবারের স্থাপত্য বিভাগের জন্য নতুন প্রবর্তিত ভর্তি পরীক্ষা নিয়ে বুয়েটে এক অচলাবস্থা সৃষ্টি হয়েছিল। পরবর্তীতে প্রফেসর জামিলুর রেজা চৌধুরীকে চেয়ার-ম্যান করে ১০ সদস্যবিশিষ্ট স্থাপত্য ভর্তি পরীক্ষা পুনর্মূল্যায়ন কমিটি গঠন করা হয়। গতকাল একাডেমিক কাউন্সিল ভবনে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল সভায় স্থাপত্য ভর্তি পরীক্ষা পুনর্মূল্যায়ন কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা হয়।

রিপোর্টে বলা হয়েছে, স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা গতবারের প্রবর্তিত নতুন নিয়মে হওয়া উচিত।

রিপোর্টে সুপারিশ করে আরও বলা হয়, স্থাপত্য বিভাগের ভর্তির 'মুক্ত হস্তে অংকন বিষয়' পরীক্ষার সময়সীমা ৫৫ মিনিটের পরিবর্তে ১ ঘণ্টা ৩০ মিনিট করা উচিত, যাতে ছাত্রছাত্রীরা আরো বেশি সময় ধরে উত্তর দেয়ার সুযোগ পায়।

মুক্ত হস্তে অংকন বিষয়টির পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বে যে গ্যাপ থাকতো তার সময়সীমা বাড়িয়ে ৪৫ মিনিট করা উচিত বলে রিপোর্টে সুপারিশ করা হয়েছে।

উল্লেখ্য, গতবার থেকে বুয়েটের সকল বিভাগের ভর্তি পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হওয়ার জন্য নতুন পদ্ধতি চালু করা হয়েছে।

একাডেমিক কাউন্সিল সূত্রমতে, আগামী ভর্তি পরীক্ষার কমিটি গঠন ও স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষার পদ্ধতি নিয়ে শুধুমাত্র ১ জন শিক্ষক নোট অফ ডিসেন্ট দিয়েছেন। উপস্থিত বাকি সকল শিক্ষক নতুন পদ্ধতি ও ভর্তি পরীক্ষা কমিটিকে স্বাগত জানান।

মার্চের কত তারিখে পরীক্ষা অনুষ্ঠিত হবে এ ব্যাপারে ভর্তি পরীক্ষা কমিটি সিদ্ধান্ত নেবেন। সূত্রমতে জানা যায়, ভর্তি পরীক্ষা মার্চের ২য় সপ্তাহে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে।